# ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের ফেব্রুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: আশরাফ উদ্দিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার তারিখ | : ২৮.০২. ২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : বেলা ১২.০০ ঘটিকা |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত ইউপি চেয়ারম্যান ও সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁওকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা প্রকৌশলী বিভাগ:<br>উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের গৃহীত প্রকল্প এবং টেন্ডারের কাজ প্রক্রিয়াধীন। অন্যান্য উন্নয়নমূলক কাজ চলমান রয়েছে এবং মনিটরিং করা হচ্ছে। তাছাড়া, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে এবং অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক করতে হবে। | উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, গফরগাঁও |
| ০৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচির প্রকল্পের জন্য (ক) প্রথম পর্যায়ে ২৫টি প্রকল্পের জন্য বরাদ্দকৃত টাকা =৫৭,২৪,৪২৮.৬৮/- কাজের অগ্রগতি গড়ে ১০০% (খ) ১ম পর্যায়ের ১৫টি প্রকল্পের জন্য বরাদ্দকৃত চাল ১২১.১২৭২ মে.টন কাজের অগ্রগতি গড়ে ১০০% (গ) ১ম পর্যায়ের ১৫টি প্রকল্পের জন্য বরাদ্দকৃত গম ১২১.১২৭২ মে.টন কাজের অগ্রগতি গড়ে ১০০%। অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির ১ম পর্যায়ের ৩১টি প্রকল্পের বরাদ্দকৃত টাকা ৩০,৭৫,৬৩৭.৭০ কাজের অগ্রগতি ৮২%। কাবিখা/কাবিটা ও টিআর কর্মসূচির প্রকল্পের কাজ চলমান রয়েছে। ইজিপিপি কর্মসূচির উপকারভোগীর সংখ্যা ১২৬৩টি এবং প্রকল্পের সংখ্যা ৬৫টি প্রকল্পের কাজ চলমান আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কর্মসূচীর কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ:<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে,<br>১। চলতি বোরো মৌসুমে ২০৮৩৫ হে. জমিতে বোরো আবাদ হয়েছে। যা এখন৭০% প্রাথমিক কুশি এবং ৩০% সর্বোচ্চ কুশি পর্যায়ে আছে। সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক। কৃষি যান্ত্রীকীকরণ প্রকল্পের আওতায় সকার গফরগাঁও উপজেলায় ৫০% ভর্তুকীতে কৃষি যন্ত্র সরবরাহের জন্য ১৩.০২.২০২২ খ্রি. তারিখের মধ্যে কৃষকদের আবেদন করার জন্য উন্মুক্ত করা হয়েছে।।<br>তাছাড়া অন্যান্য বিভাগীয় কর্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১।সকল বিসিআইসি ডিলার এবং খুচরা ডিলারদের গুদামে লাল সালু টাঙ্গাতে হবে।<br>২। নিয়মিত উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সভার আয়োজন করতে হবে।<br>৩। রাসায়নিক সার মজুদ, বিতরণ পরিস্থিতি পর্যবেক্ষনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের অন্তর্ভুক্ত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য বিভাগ:<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, সরকার ধারণা করছেন সামনের দিনগুলোতে করোনার প্রাদুর্ভাব আরো বৃদ্ধি পেতে পারে সেজন্য সকলকেই পূর্ব থেকেই সতর্ক থাকতে হবে। সে লক্ষে গণহারে এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মাঝে টিকা প্রদান করা হয়েছে। সকলকে স্বাস্থ্যবিধি মানার ব্যাপারে উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | Corona Virus সহ অন্যান্য বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, গফরগাঁও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, বিগত ১৬.০২.২০২২ খ্রি. "প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২২" সফল ভাবে সম্পন্ন হওয়ায় উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি ও সভাপতি মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।।<br>প্রাণি পুষ্টি উন্নয়নে ঘাস চাষ সম্প্রসারণ প্রকল্পের অধীন প্রতি ইউনিয়নে ২জন খামারীর মাঝে গ্রাস কার্টি এবং ২জন খামারীর মাঝে ঘাস বীজ প্রদর্শনী বিতরণ করা হবে, এ ব্যাপারে সবার সহযোগীতা কামনা করেন।। অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম (চিকিৎসা সেবা, রোগ প্রতিরোধে টিকা প্রদান, কৃত্তিম প্রজনন ইত্যাদি) স্বাভাবিক ভাবে চলছে। | মোবাইল ফোনের মাধ্যমে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গফরগাঁও |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | উপজেলা মৎস্য বিভাগ:<br>উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, মার্চ মাস হতে মৎস্য চাষের সময় শুরু হয়। মৎস্য চাষের শুরুতে মৎস্যচাষীদের অনেক টেকনিক্যাল বিষয় জানার প্রয়োজন হয়। কোন টেকনিক্যাল বিষয় জানার প্রয়োজন হলে উপজেলা মৎস্য অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ জানান। বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য চাষীদেরকে নিয়মিত পরামর্শ প্রদান অব্যাহত রাখতে করতে হবে। | সিনিয়র উপজে মৎস্য অফিসার, গফরগাঁও |
| ০৮ | উপজেলা বিদ্যুৎ বিভাগ (পিডিবি): নির্বাহী প্রকৌশলী (পিডিবি) এর প্রতিনিধি সভায় জানান যে, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। এ ধারা অব্যাহত রাখার জন্য নিরলস ভাবে কার্যক্রম চলমান এবং বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সকলকে অনুরোধ জানান। এছাড়াও বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে। | নির্বাহী প্রকৌশলী, পিডিবি, গফরগাঁও |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,<br>(১) ১২-১৮ বৎসর বয়সী শিক্ষার্থীদের ২য় ডোজ টিকা ৫টি কেন্দ্র হতে দেয়া হচ্ছে। সেই ১ম ডোজ ও দেয়া হচ্ছে। কওমী শিক্ষার্থীদেরকেও সরকারের নির্দেশনা আলোকে একই সাথে উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার প্রত্যক্ষ তত্ত্বাবধানে টিকা প্রদান করা হচ্ছে। কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া যায় নি।<br>(২) সরকারের নির্দেশনা অনুযায়ী গত ২২.০২.২০২২ খ্রি. তারিখ হতে শ্রেণী পাঠদান শুরু হয়েছে। প্রতিষ্ঠানসমূহ প্রত্যক্ষ ও ভার্চুয়ালিভাবে মনিটরিং করা হচ্ছে।<br>(৩) ২০২২ সালের পাঠ্যপুস্তক অংশ বিশেষ এখনো পাওয়া যায়নি বিধায় শিক্ষার্থীদের মাঝে বিতরণ প্রদান করা সম্ভব হয়নি।<br>(৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে ইউআইটিআরসিই ল্যাবে অনলাইন ক্লাস সংক্রান্ত প্রশিক্ষণ চলমান রয়েছে যা এবারে ৩০০জন শিক্ষককে প্রশিক্ষণের আওতায় আছে।<br>(৫) ২০২২ সালের বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়ার্ড সংক্ষিপ্ত সময়ে সফলভাবে সম্পন্ন হয়েছে।<br>(৬) স্কুল, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের ৫০ তম শীতকালীন খেলা চলমান রয়েছে।<br>এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা শিক্ষা বিভাগ:<br>উপজেলা শিক্ষা অফিসার (ভার:), সভায় জানান যে,<br>১।আগামী ০২.০৩.২০২২ খ্রি. তারিখ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় চালু হবে। স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়গুলো পাঠদানের উপযোগী করে প্রস্তুত করা হয়েছে।<br>২। ঝড়ে পরা রোধ করার জন্য সকলের সহযোগীতা কামনা করেন।<br>৩। প্রতি মাসে ইউনিয়ন শিক্ষা কমিটিগুলোর মিটিং করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যান মহোদয়কে সবিনয় অনুরোধ জানান।<br>৪। যে সকল প্রাথমিক শিক্ষা বিদ্যালয়ের জমিগুলো বেদখল রয়েছে, সেখানে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দসহ প্রশাসনের সহযোগীতা কামনা করেন।<br>অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১১ | উপজেলা সমাজসেবা বিভাগঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে,<br>১। ১০টি নির্দিষ্ট পেশাজীবির (কামার, কুমার, নাপিত, মুচি, লোকজ শিল্পী, বাঁশ ও বেত শিল্পী, নকশী কাঁথা শিল্পী) প্রান্তিক জনগোষ্ঠীর জরিপ চলমান। অনুমোদিত হয়েছে ৩৩৪টি।<br>০২। ভাতাভোগীদের এমআইএস এর কাজ সংশোধন চলমান। অনেকের বৈধ ভাতা নেই।<br>০৩। প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির জন্য "সুবর্ণ নাগরিক কার্ড" করা বাধ্যতামূলক। পরবর্তীতে বরাদ্দ সাপেক্ষে এদের মধ্য থেকে ভাতা প্রদান করা হবে।<br>০৪। ভাতাভোগীদের সমস্য নগদ পয়েন্ট থেকে ভাতাভোগীরা টাকা তুলতে গেলে অনেক দোকানী মোবাইল ও পিন নাম্বার ব্যবহার করে নিজেরাই ক্যাশ আউট অথবা পিটুপি(পারসনাল নম্বর) টাকা ট্রান্সফার করছে। যার সমাধান প্রয়োজন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী পরিচালনা করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১২ | বিআরডিবিঃ<br>০১। মূল কর্মসূচি: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার সভায় জানান যে, সমিতি গঠন : পুরুষ=৪৬৭টি, মহিলা=৭৬টি, সদস্য সংখ্যা: পুরুষ ১৩৬৩৯জন, মহিলা ১৮৭৫ জন, শেয়ার আদায় পুরষ= ২৬.৩১ লক্ষ টাকা, মহিলা=৪.২২ লক্ষ টাকা, সঞ্চয় আদায় পুরুষ ৫৫.৫৬ লক্ষ টাকা, মহিলা ১৪.৭০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ তহবিল প্রাপ্তি =১,০৩৫.৫১ লক্ষ টাকা, ঋণ গ্রহণ পুরুষ=৯৭৬.০০ লক্ষ টাকা, মহিলা ৩০৮.৬০ লক্ষ টাক, ক্রমপুঞ্জিত ঋণ আদায়: পুরুষ ৮২১.০৩ লক্ষ টাকা, মহিলা : ৩০০.৪৬ লক্ষ টাকা। তিনি সভায় আরো জানান যে, উপজেলা পরিষদে বিআরডিবি কর্তৃক নির্মিত ০৩টি জোড়া বাড়ীর বিভিন্ন ফ্লাটে বিভিন্ন জন বিভিন্ন সময় ধরে কেউ বরাদ্দ না দিয়ে থাকতেছেন যার প্রেক্ষিতে উপজেলা পরিষদ ও বিআরডিবি আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। বিধায় বকেয়া ভাড়া আদায় করার যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য সভায় অনুরোধ জানান এবং বিআরডিবি কর্তৃক নির্মিত ০৩টি জোড়াবাড়ী মেরামতের ব্যবস্থা | ১। ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে। বিআরডিবির সকল মাঠ কর্মীদের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

নেয়ার জন্য অনুরোধ জানান। । বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক চলছে।

০২। পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ): উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে।

| বিবরণ | অর্থ বছর | | | ক্রম বর্ধিত | | |
|---|---|---|---|---|---|---|
| | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | হার | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | হার |
| সমিতি গঠন | ০৭ | ০০ | ০০ | ৮৪ | ৮৪ | ১০০% |
| সদস্য ভর্তি | ৩০০ | ১০ | ০৩% | ২৫০০ | ২২৪০ | ৯০% |
| শেয়ার আদায় | ৬.০০ | ০.৩৯ | ০৭% | ৩৫.০৮ | ৮.৫৯ | ২৪% |
| সঞ্চয় আদায় | ১২.০০ | ১.২২ | ১০% | ৭০.১৮ | ২৯.৮৬ | ৪৩% |
| ঋণ বিতরণ | ৯০.০৪ | ২৫.৮৫ | ৩২% | ৪০৫.০০ | ৫৩৯.২৪ | ১০০% |
| ঋণ আদায় | ১২৬.৩৪ | ১২.৭৭ | ১০% | ৫৬০.৭৩ | ৪৪৭.১৬ | ৮০% |
| খেলাপী | ০০ | ৬৮.৯৯ | ০০ | ০০ | ৬৮.৯৯ | ০০ |

বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

২। বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে। নতুন সমিতি গঠন, সদস্য নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।

উপজেলা প্রকল্প কর্মকর্তা, (পজীপ)

---

১৩

৩) আমার বাড়ি আমার খামারঃ

উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পের কাজ সমাপ্তি ঘটেছে ৩০.০৭.২০২১ খ্রি. তারিখে। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানটি পল্লী সঞ্চয় ব্যাংক হিসাবে কাজ করছে। অত্র ব্যাংক চলতি ২০২১-২০২২ অর্থ বছরে পল্লী সঞ্চয় ব্যাংক হতে ৭৩৫.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ৬৬০.৯০ টাকা ঋণ আদায় করা হয়েছে। শাখায় মাঠ পর্যায়ে খেলাপী ঋণ বৃদ্ধি পাওয়ায় ঋণ খেলাপী বেড়ে গেছে এ বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে।

উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার

---

১৪

উপজেলা মহিলা বিষয়ক দপ্তর:

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্প(আইজিএ) প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম দুইটি ট্রেডে স্বাস্থ্যবিধি মেনে দুইটি শিফটে চলমান রয়েছে। অত্র উপজেলায় চালুকৃত ১৬টি ক্লাব যথাযথভাবে চলছে। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)

---

১৫

উপজেলা খাদ্য বিভাগ:

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে আমন সংগ্রহ ২১-২২ এর কার্যক্রম চলমান। এ পর্যন্ত চাল সংগ্রহের পরিমাণ ১৪৫.৫১১ মে.টন। বর্তমানে পৌরসভা পর্যায়ে ০৪টি ডিলারের মাধ্যমে বিশেষ ও,এম,এস কার্যক্রম চালু আছে। এছাড়া আগামী মার্চ/২২ মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম চালু হবে। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

চাল ও ধান সংগ্রহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গফরগাঁও

---

১৬

উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২০২২ মাসের প্রতিবেদন।

সক্ষম দম্পতি ৮৮,৫০০, গ্রহণকারী-৭০,০০০, সি.এ.আর-৭৮.১৫%

| বিভিন্ন পদ্ধতির নাম | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
|---|---|---|---|
| খাবার বড়ি | ৩৪,৫২০ | ৩৮,৯৩০ | ১১৩.৩০% |
| কনডম | ৬,০৯০ | ৬,০৭৫ | ৯৮.৫০% |
| ইনজেকশন | ১৬,৭৭৭ | ১০,২৩০ | ৫৮.৫০% |
| আইইউডি | মাসিক ৮৫ | ৪৫ | ৪৭.৩৫% |
| ইমপ্ল্যান্ট | মাসিক ৮৫ | ৪৩ | ৪৫.৫০% |
| স্থায়ী পদ্ধতি পুরুষ | মাসিক ১০ | ০ | ০% |
| স্থায়ী পদ্ধতি মহিলা | ১০ | ৩ | ৪৫.৫০% |

মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পিং অব্যাহত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

নিয়মিতভাবে মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পের আয়োজন করতে হবে। উপজেলা ও ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করতে হবে।

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার

---

১৭

উপজেলা সমবায় বিভাগ:

উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, সমবায় সমিতি অডিট পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম নিয়মিত হচ্ছে। নিয়মিতভাবে সরকারি রাজস্ব আদায় করে সরকারি কোষাগারে জমা দেয়া হচ্ছে। আশ্রয়ণ প্রকল্পের নিয়মিত কিস্তি আদায় করা হচ্ছে এবং আশ্রয়ণ প্রকল্পের মনিটরিং কার্যক্রম নিয়মিতভাবে করা হচ্ছে। তাছাড়া বিভাগীয় এবং বহিঃ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

০১। নিয়মিত মনিটরিং করতে হবে।
০২। সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।

উপজেলা সমবায় অফিসার

---

১৮

জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:

উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে,

১। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২০-২০২১ ইং অর্থ বছরের বরাদ্দের কাজ সমাপ্তির হার প্রায় ৮৫%।

২। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় চলতি ২০২১-২০২২ অর্থ বছরের প্রতি ইউনিয়নের ২৬টি করে মোট ৩৯০টি ওয়াটার উৎস বরাদ্দ পাওয়া গিয়েছে। বিধি মোতাবেক সাইট চূড়ান্ত সাপেক্ষে দ্রুত কাজ আরম্ভ করা হবে।

অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে।

উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল

---

১৯

উপজেলা যুব উন্নয়ন বিভাগ:

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, মোট ২১০ জনকে প্রশিক্ষণ প্রদান

সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন

উপজেলা যুব উন্নয়ন

| | | | |
|---|---|---|---|
| | করা হয়েছে। তহবিল ঘাটতির কারণে ঋণ প্রদান করা যাচ্ছে না। ঋণ তহবিলে চাহিদা পত্র দেয়ার পরেও কিস্তি খেলাপীর কারণে কর্তৃপক্ষ তহবিল না দেয়ার কথা বলেছেন। খেলাপী আদায়ে সম্মানীত ইউপি চেয়ারম্যানগণদের নিকট সহযোগীতা কামনা করেন। তাছাড়া, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | করতে হবে। | অফিসার, চেয়ারম্যান |
| ২০ | <u>উপজেলা পরিসংখ্যান বিভাগ:</u><br>উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অধীনে পথশিশু জরিপ কার্যক্রম ২৩.০২.২০২২ খ্রি. তারিখ হতে শুরু হয় যা মাঠ পর্যায়ে পরিচালিত হচ্ছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা গফরগাঁও |
| ২১ | <u>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন:</u><br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, দরিদ্র জনগোষ্ঠীকে নিয়ে কাজ করে যাচ্ছে কার্যালয়টি। অত্র কার্যালয়ে সর্বমোট ৯৪টি সমিতি রয়েছে। উক্ত সমিতিতে সর্বমোট ৩৭৪৭ জন সদস্য রয়েছে। কার্যালয়ে মোট ঋণী সদস্য ২৫২২ জন। ২০২১-২০২২ অর্থ বছরে ৮১১ জন সদস্যদের মধ্যে ৪১২.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। কার্যালয়ের চলতি ঋণ আদায়ের হার আদায়ের হার ৯৫%। কার্যালয়ের সার্বিক কার্যক্রম সন্তোষজনক। এছাড়াও অন্যান্য বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | ১। ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২২ | <u>উপজেলা আনসার ও ভিডিপি:</u> উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আনসার ও ভিডিপি বাহিনী থানার সাথে সমন্বয় করে সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশের পাশাপাশি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সব সময় প্রস্তুত থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ২৩ | <u>পল্লী বিদ্যুৎ বিভাগ:</u><br>ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, গফরগাঁও সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। এ ধারা অব্যাহত রাখার জন্য সার্বিক চেষ্টা চলছে। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সকলকে অনুরোধ জানান। অবৈধ বিদ্যুৎ ব্যবহার, পার্শ্ব সংযোগ বিচ্ছিন্ন করণসহ বিভিন্ন কার্যক্রম চলমান আছে। আইনী নোটিশ বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের জন্য লাল নোটিশ/আইনী নোটিশ প্রদান করা হয়েছে। বিভিন্ন সরকারি অফিসের বকেয়া রয়েছে। বিভিন্ন সরকারি অফিস প্রধান ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনদের মাধ্যমে বকেয়া আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। | বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে। | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ/ |
| ২৪ | <u>ইসলামিক ফাউন্ডেশন:</u><br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ইসলামিক ফাউন্ডেশন গফরগাঁও উপজেলায় সকল কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক চলছে। করোনা ভাইরাস প্রতিরোধ, সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষাসহ, সামাজিক বিভিন্ন সমস্যা নিরসনে সম্মানীত ইমাম সাহেবদের আলোচনা করার জন্য অনুরোধ করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গফরগাঁও |
| ২৫ | <u>উসহকারী পাট উন্নয়ন অফিস:</u><br>উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>১। ২০২১-২০২২ অর্থ বছরে পাট চাষীর প্রশিক্ষণ মার্চ মাসের ২০২২ খ্রি. অনুষ্ঠিত হবে।<br>২। ২০২১-২০২২ অর্থ বছরে পাটের বীজ ১৫টি ইউনিয়নের পাঠ চাষীদের মাঝে বীজ বিতরণ কাজ সম্পন্ন করা হবে।<br>৩। সকল ইউনিয়নের চেয়ারম্যানগণকে পাটের আঁশ উৎপাদনের জন্য পাটের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চাষীদের তালিকা প্রস্তুত করার জন্য অনুরোধ জানান।<br>অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ২৬ | <u>উপজেলা তথ্য কেন্দ্র:</u><br>তথ্যসেবা কর্মকর্তার সভায় জানান যে, তথ্য আপা প্রকল্পের তথ্য আপাদের ডোর-টুডোর, উঠান বৈঠক ও তথ্য কেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। এ প্রকল্পের আওতায় ফেব্রুয়ারি-২০২২ খ্রি. পর্যন্ত মোট -১৬৫৮৫ জন নারীকে গফরগাঁ উপজেলায় তথ্য আপাদের মাধ্যমে বিভিন্ন সেবা প্রদান করা হয়েছে। যার মধ্যে ডোর-টু ডোর এ সেবা সেবা দেয়া হয়েছে ১১৯৫৩ জন নারীকে, তথ্যকেন্দ্রে ২৪০৯ জন এবং ৪৮টি উঠান বৈঠকে ২২২৩ জন নারীকে সেবা প্রদান করা হয়েছে।<br>উপজেলা তথ্যকেন্দ্র, গফরগাঁও, ময়মনসিংহ এর কার্যক্রম সমূহ:<br>১। তথ্য ও প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান<br>২। ভর্তি পরীক্ষার ফলাফল<br>৩। ভর্তি পরীক্ষার ফরম পূরণ<br>৪। চাকরির আবেদন পত্র পূরণ।<br>৫। ই-মেইল, ম্যাসেঞ্জার, স্কাইপির সাহায্যে যোগাযোগ।<br>৬। কৃষি, শিক্ষা, ব্যবসা ইত্যাদি সংক্রান্ত পরামর্শ প্রদান।<br>৭। আইনি সহায়তা পরামর্শ প্রদান।<br>৮। ডায়াবেটিকস পরীক্ষা, রক্তচাপ পরীক্ষা, তাপমাত্রা ও ওজন পরিমাপ।<br>৯। গ্রামীণ নারীদের উৎপাদিত ও সংগৃহিত পণ্য বিক্রয়ের জন্য **www.laalsobuj.com** | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, গফরগাঁও |

| | | | |
|---|---|---|---|
| | মার্কেটপ্লেস পরিচালনা। উপরোক্ত সেবাসমূহ তথ্যকেন্দ্র হতে ডোর টু ডোর পদ্ধতিতে এবং উঠান বৈঠকের মাধ্যমে প্রদান করা হয়। উঠান বৈঠক ডোর টু ডোর সহ সকল কার্যক্রম পুনরায় শুরু হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ২৭ | <u>চেয়ারম্যান (ক), সালটিয়া ইউপি:</u><br>সভায় জানান যে, বিভিন্ন দপ্তরের প্রধানগনদের নিয়ে সমন্বয়ের মাধ্যমে কাজ করার অনুরোধ জানান। সংশ্লিষ্ট প্রতিটি বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীরা যেনো ইউনিয়ন পরিষদের অফিস করার জন্য অনুরোধ জানান এবং মাঠ পর্যায়ের সরকারি কাজের ইউপি চেয়ারম্যানগণদের অবহিত করা হয় সে বিষয়ে অনুরোধ জানান ।<br>১। রৌহা কালির হাট রাস্তাটি দ্রুত মেরামত করার জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>উপজেলা প্রকৌশলী, গফরগাঁও সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সংশ্লিষ্ট সকল |
| | <u>চেয়ারম্যান (খ), বারবাড়িয়া ইউপি:</u><br>সভায় জানান যে, আলোচনা করে উন্নয়নের সিদ্ধান্ত নেয়ার জন্য অনুরোধ জানান। তিনি যে সকল শিক্ষক শিক্ষিকা যথা সময়ে স্কুলে আসেনা এবং স্কুল ছুটির পূর্বেই চলে যান তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। | উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| | <u>চেয়ারম্যান (খ), লংগাইর ইউপি:</u><br>সভায় জানান যে, তার ইউনিয়নের মাইজবাড়ী মশাখালী রাস্তাটি খুবই জনগুরুত্বপূর্ণ বর্তমানে এই রাস্তাটি চলাচলে অযোগ্য। রাস্তাটি দুই বছর যাবৎ ব্যবহারের অযোগ্য পুন:মেরামত করার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী, গফরগাঁও সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| | <u>চেয়ারম্যান (গ), যশরা ইউপি:</u><br>সভায় জানান যে, গফরগাঁও রসুলপুর রাস্তায় দৌলতপুর আঠারদানা এলজিইডি এর ১কিমি রাস্তা কান্দার খালের উপর ব্রীজটি তিনবছর যাবৎ ভেঙ্গে অচল হয়ে আছে। জরুরি মেরামত করা প্রয়োজন। অন্যদিকে গফরগাঁও রসুলপুর ১৫কিমি রাস্তাটি পৌরসভা, সালটিয়া, যশরা, বারবাড়িয়া, রসুলপুর অংশের বেহাল দশা। এই রাস্তাটি উত্তর গফরগাঁও এর একমাত্র রাস্তা। দীর্ঘদিন যাবৎ এই রাস্তাটি ব্যবহারের অনুপযোগী হয়ে আছে। জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। | উপজেলা প্রকৌশলী, গফরগাঁও সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| | <u>চেয়ারম্যান (ঘ), রসুলপুর ইউপি:</u><br>সভায় জানান যে, আলালপুর স্কুল সংলগ্ন হতে রসুলপুর বাজার হয়ে বারবাড়িয়া ব্রীজ পর্যন্ত পাকা রাস্তাটি জরুরি ভিত্তিতে সংস্কার করার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী, গফরগাঁও সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| | <u>চেয়ারম্যান (ঙ), গফরগাঁও ইউপি:</u><br>সভায় জানান যে, উথুরী স্কুলের মোড় (হাইওয়ে রোড) হতে হাতিখলা বাজার পর্যন্ত রাস্তা জরুরি ভিত্তিতে সংস্কার করার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী, গফরগাঁও সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| | <u>চেয়ারম্যান (চ), দত্তের বাজার ইউপি:</u><br>সভায় জানান যে, দত্তের বাজার ইউনিয়নের পাগলা বাজার হতে পাঁচুলি ভায়া দত্তের বাজার পর্যন্ত রাস্তা পাকাকরণ এবং মুন্দিলা হতে পাঁচুলি ভায়া দত্তের বাজার গরুহাটা পর্যন্ত রাস্তা পাকাকরণ।<br><br>১। দত্তের বাজারের ইজারা টাকা হতে ৪৬% টাকা ইউনিয়ন পরিষদ কার্যালয়ের আওতায় অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ জানান। | (ক) উপজেলা প্রকৌশলী, গফরগাঁও সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>(খ) বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | |
| | <u>চেয়ারম্যান (ছ), চারআলগী ইউপি:</u><br>সভায় জানান যে, চরআলগী ইউনিয়নের শহিদের বাড়ি মোড় হতে কাচারী বাজার পর্যন্ত পাকা রাস্তা জরুরি ভিত্তিতে মেরামত প্রয়োজন। | উপজেলা প্রকৌশলী, গফরগাঁও সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ২৮ | উপজেলা প্রকৌশল বিভাগ ঃ<br><br>উপজেলা প্রকৌশলী, গফরগাঁও সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় (২০১৮-১৯ অর্থবছর) ৩য় পর্যায়ে গফরগাঁও উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প "মশাখালি ইউনিয়নের কান্দি উচ্চ বিদ্যালয়ে ভবন | উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের আওতায় বাস্তবায়িত "মশাখালি ইউনিয়নের | উপজেলা নির্বাহী অফিসার/<br>উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | নির্মান INF২০১৮-২০১৯-৪৫৬১২২-০১ " ঠিকাদার কর্তৃক সম্পন্ন করা হয়েছে এবং সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক বিল দাখিল করা হয়েছে মোট বিলের পরিমান ভ্যাট ও ট্যাক্সসহ ৪৪,১৬,৪৭৯.০০ টাকা। উক্ত বিলটি উপজেলা পরিষদের সভায় অনুমোদনের মাধ্যমে ঠিকাদারের অনুকূলে পরিশোধ করতে সিদ্ধান্ত কামনা করেন এবং চূড়ান্ত অনুমোদনের জন্য ইউজিডিপি প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয় বরাবরে প্রেরণের জন্য সভায় উপস্থাপন করেন। | কান্দি উচ্চ বিদ্যালয়ে ভবন নির্মান INF২০১৮-২০১৯-৪৫৬১২২-০১" উপ-প্রকল্পের বিল ঠিকাদার কর্তৃক দাখিলকৃত ভ্যাট ও ট্যাক্সসহ ৪৪,১৬,৪৭৯.০০ টাকা অনুমোদন করা হয় যাহা চূড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্পের পিএমইউ-তে সংশ্লিষ্ট বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

বিবিধ আলোচনা:

| | | | |
|---|---|---|---|
| ০১ | সি এ, উপজেলা পরিষদ, গফরগাঁও সভায় জানান যে, জনাব মোঃ আশরাফ উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের জানুয়ারি/২০২২ মাসের শেষ আংশিক ও ফেব্রুয়ারি/২০২২ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =১১,২৫০ (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>২। জনাব মোঃ আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও এর জানুয়ারি/২০২২ মাসের শেষ আংশিক ও ফেব্রুয়ারি/২০২২ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =৮,৫০০/-( আট হাজার পাঁচশত) টাকা।<br>৩। জনাব রেশমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের জানুয়ারি/২০২২ মাসের শেষ আংশিক ও ফেব্রুয়ারি/২০২২ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =৮,৫০০/-(আট হাজার পাঁচশত) টাকা বিল ও ভ্রমণ বিবরণী বিল সভায় উপস্থাপন করেন এবং সভায় অনুমোদনের জন্য অনুরোধ করেন। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর জানুয়ারি/২০২২ মাসের শেষ আংশিক ও ফেব্রুয়ারি/২০২২ মাসের প্রথম আংশিক ভ্রমণ ব্যয় বিল অনুমোদন এবং উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |
| ০২ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) ৪(চার) পত্রিকার যথাক্রমে "দি নিউ ন্যাশন" পত্রিকার বিল বাবদ=২২,০৬৬.২০ /-(বাইশ হাজার ছেষট্টি টাকা বিশ পয়সা) , "আজকের বাংলাদেশ" পত্রিকার বিজ্ঞপ্তি বিল বাবদ=১৪,৪০৪/- (চৌদ্দ হাজার চারশত চার) টাকা, "সময়ের আলো", পত্রিকার বিজ্ঞপ্তি বিল বাবদ=৩১,০৫০/- (একত্রিশ হাজার পঞ্চাশ) টাকা এবং সংশোধনী বিজ্ঞপ্তি "সময়ের আলো" পত্রিকার বিল বাবদ=২৪,৮৪০/-(চব্বিশ হাজার আটশত চল্লিশ) টাকার বিল দাখিল করেছেন। বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) ৪টি (চার) পত্রিকার যথাক্রমে "দি নিউ ন্যাশন" পত্রিকার বিল বাবদ=২২,০৬৬.২০ /-(বাইশ হাজার ছেষট্টি টাকা বিশ পয়সা) , "আজকের বাংলাদেশ" পত্রিকার বিজ্ঞপ্তি বিল বাবদ=১৪,৪০৪/- (চৌদ্দ হাজার চারশত চার) টাকা, "সময়ের আলো", পত্রিকার বিজ্ঞপ্তি বিল বাবদ=৩১,০৫০/- (একত্রিশ হাজার পঞ্চাশ) টাকা এবং সংশোধনী বিজ্ঞপ্তি "সময়ের আলো" পত্রিকার বিল বাবদ=২৪,৮৪০/-(চব্বিশ হাজার আটশত চল্লিশ) টাকার বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |
| ০৩ | প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিস, গফরগাঁও সভায় জানান যে, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলেক্ষ্যে গফরগাঁও উপজেলায় ব্যাপকভাবে দিবসটি উদযাপন করা হয়ে থাকে। এজন্য সরকারি বরাদ্দের স্বল্পতার কারণে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার (স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখার ১০ নভেম্বর ২০১৪ ইং তারিখের ১০৬৭ নং স্মারকমূলে জারিকৃত) ৫ এর 'খ' নং অনুচ্ছেদ মোতাবেক জাতীয় দিবস পালনের উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। উক্ত অনুষ্ঠান পরিচালনার খরচের জন্য ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা উত্তোলন করার জন্য সভায় প্রস্তাব করা হয়। | গত ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপনের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা উত্তোলন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার |
| ০৪ | প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিস, গফরগাঁও সভায় জানান যে, দীর্ঘদিন যাবৎ উপজেলা পরিষদের ব্রহ্মপুত্র, মেঘনা, যমুনা ও শাপলা কোয়ার্টারের বৈদ্যুতিক লাইন সম্পূর্ন অকেজো হওয়ায় পুনরায় নতুন করে মেরামত/সংস্কার করা জরুরি প্রয়োজন। অন্যথায় যেকোনো সময় দুর্ঘটনা ঘটতে পারে। মেরামত করতে আনুমানিক (২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০)=১,০০,০০০/-(এক লক্ষ) টাকা প্রয়োজন। উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ত তহবিলের মেরামত খাত হতে পরিশোধ করা যেতে পারে। | উপজেলা পরিষদের ব্রহ্মপুত্র, মেঘনা, যমুনা ও শাপলা কোয়ার্টারের বৈদ্যুতিক লাইন সম্পূর্ন অকেজো হওয়ায় পুনরায় নতুন করে মেরামত/সংস্কার করা বাবদ (২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০) =১,০০,০০০/-(এক লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ত তহবিল হতে উত্তোলন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ সভায় বলেন যে, সকলকে সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। তিনি বলেন, ইভটিজিং বন্ধ করতে হলে সংশ্লিষ্ট সকলের সহযোগীতা প্রয়োজন। ছাত্র-ছাত্রীদের বিষয়ে | সকলকে গফরগাঁও এর উন্নয়নের জন্য সরকারি দিক নির্দেশনা মোতাবেক সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | অভিভাবকদের আরো সচেতন হতে হবে। পুলিশের একার পক্ষে অনৈতিক ঘটনা বন্ধ করা সম্ভব নয়। সকলকেই পুলিশকে সহযোগীতা করতে হবে। সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। বিনা অপরাধে কোনো লোক যেন হয়রানির শিকার না হয় সে দিকে পুলিশ প্রশাসনকে দৃষ্টি রাখতে হবে। গরু চুরি বন্ধে গ্রাম পুলিশদের টহলের ব্যবস্থা করতে হবে। মাদক, ইয়াবা ব্যবসায়ীকে দ্রুত গ্রেফতার করতে হবে। সারের বিক্রয় মূল্য তালিকা লাল সালু দিয়ে টানানো, সারের বরাদ্দের কপি ইউপি চেয়ারম্যানগণদেরকে দেয়ার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানান। কোনো বিষয়ে তদন্তে যাওয়ার সময় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অবহিত করার জন্য অনুরোধ জানান। সাধারণ মানুষ যেন পশু পালনে প্রাণিসম্পদ বিভাগ থেকে সহযোগীতা পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে।প্রাণি সম্পদের নিয়োগকৃত জনবল তালিকা সকল ইউপি চেয়ারম্যানদেরকে দেয়ার জন্য অনুরোধ জানান। সকল কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক করার জন্য অনুরোধ জানান। সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান। | | |
| ০৬ | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও সভায় বলেন যে, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ যেন ইউনিয়ন পরিষদ আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা করার জন্য অনুরোধ জানান। বাল্য বিবাহ বন্ধে সকলের সহযোগীতা কামনা করেন। টাস্কফোর্সের মাধ্যমে অভিযান চালানো যেতে পারে। গ্রাম পুলিশকে ট্রেইন আপ করার জন্য অফিসার ইনচার্জ, গফরগাঁও থানা/ পাগলা থানাকে অনুরোধ জানান। ছাত্র-ছাত্রীদের অযথা বাহিরে আড্ডা বন্ধে অভিভাবকদের সচেতন করতে উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সভা করার উদ্যোগ নেয়ার জন্য অনুরোধ করেন। বালির ট্রাকে ত্রিপাল দিয়ে ঢেকে নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, গফরগাঁও পৌরসভা মহোদয়কে অনুরোধ জানান। সরকারের সকল নির্দেশনা যেনো সকল দপ্তর বাস্তবায়ন করেন এবং মাননীয় প্রধানমন্ত্রীর উন্নয়নের দিক নির্দেশনা সকলেই বাস্তবায়ন করব। এছাড়াও সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধানগণ পরবর্তী মাসিক সভার পূর্বেই স্ব-স্ব বিভাগীয় কার্যপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুররোধ করা হলো। | ১। উন্নয়ন কর্মকান্ডে সংশ্লিষ্ট সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।<br>২। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করবেন। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০২/২০২২
(মোঃ আশরাফ উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০০১.০৬.০০৯.২২-২৮২/১(৬০)

তারিখ: ২৮.০২.২০২২ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৫, ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপ-১ শাখা/উপ-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৫। মেয়র, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৭। উপজেলা ........................................................................ অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, ........................................................................ ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৯। জনাব ................................................................................................................।
১০। অফিস কপি।

২৮/০২/২০২২
(মোঃ আবিদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।